

বরিশালে শিক্ষামন্ত্রী

নতুনভাবে আসা নকল প্রথা বন্ধ করা হবে

■ বরিশাল ব্যুরো



এহছানুল হক মিলন

শিক্ষামন্ত্রী আন ম
এহছানুল হক মিলন
বলেছেন, আমি
পরীক্ষায় নকল
ব্যবস্থার দাফন
দিয়েছি। এরপর

চল্লিশা করে মন্ত্রণালয়
থেকে বিদায় নিয়েছি।
পরবর্তী সময়ে নকলের
মডেল পরিবর্তন
হয়েছে। নকলের

কালার (রং) চেঞ্জ হয়েছে। এখন আমারও কালার
চেঞ্জ করতে হবে।

গতকাল মঙ্গলবার বরিশালে সাংবাদিকদের সঙ্গে
মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি।
শিক্ষামন্ত্রী আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষা
উপলক্ষে বরিশাল অঞ্চলের কেন্দ্র সচিবদের সঙ্গে
মতবিনিময় সভাসহ আরও কয়েকটি কর্মসূচিতে
অংশ নেন। বিকেল ৩টায় নগর ভবনের সভাকক্ষে
সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন তিনি।

সাংবাদিকদের উদ্দেশে এহছানুল হক বলেন,
পাবলিক পরীক্ষা আইন, ১৯৮০ সংশোধনের
উদ্যোগ নেওয়া হয়েছে। নতুন আইনে ডিজিটাল
পদ্ধতিতে নকল প্রতিরোধ করা হবে এবং পাবলিক

পরাক্কার সংজ্ঞায়ও পারবতন আনা হবে। শুধু শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষা নয়, চাকরি ও ব্যাংকসহ বিভিন্ন নিয়োগ পরীক্ষাও এই আইনের আওতায় আনার পরিকল্পনা রয়েছে।

সভায় উপস্থিত ছিলেন সংসদ সদস্য মজিবর রহমান সরোয়ার, বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরিন ও জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান।